

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৬.১৮-১২৯

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪২৬
০১ আগস্ট, ২০১৯


বিষয়: ১৭/০৪/২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার সুপারিশের আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অডিট আপত্তিকৃত ১৫,২৭৪/- টাকা জমাদানের প্রমাণক টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: LAD-এর স্মারক নং-৩০২৭/এলএএস-২/নি:প্র:/২০১৫-১৬/১৯৩৫, তারিখ: ২৩/০৭/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সূত্রোক্ত স্মারকমূলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২০১৫-১৬ আর্থিক সনের নিরীক্ষা প্রতিবেদনের অনুচ্ছেদ নং ০১ এর বিষয়ে জানানো যাচ্ছে যে, মূল আপত্তির পরিশিষ্টে ২৫ টি ভাউচারে ভ্যাট বাবদ জড়িত টাকার পরিমাণ ছিল ৯৩,৮৬৪/- টাকা। কিন্তু সংশ্লিষ্ট অফিস হতে প্রেরিত চালানের মধ্যে ২১ টি চালানের সাথে মিল রেখে ৭৮,৭৩০/- টাকা জমা পাওয়া যায়। অবশিষ্ট ০২ টি চালানে (১২,৩০৯+২১২) = ১২,৫২১/- টাকা জমা প্রদান করা হলেও পরিশিষ্টের সাথে মিল নেই। বিল নং-১৮৪, তাং-২৭/০৬/২০১৬, বিল নং- ৩৬, তাং-০৩/১২/২০১৫, বিল নং-১৯৩, তাং-২৭/০৬/২০১৬ এবং বিল নং-৭৮, তাং-১১/০৪/২০১৬ খ্রি: এর ০৪ টি বিলের বিপরীতে যথাক্রমে (৬,১৬৬+২৫২০+৬২৯১+২৯৭) = ১৫,২৭৪/- টাকা জমাদানের স্বপক্ষে কোন চালান পাওয়া যায়নি। সর্বমোট ২৩ টি চালানের মধ্যে জমাকৃত টাকার পরিমাণ ৯১,২৪৯/- টাকা। আপত্তিকৃত টাকার পরিমাণ ৯৩,৮৬৪/- টাকা অর্থাৎ (৯৩,৮৬৪-৯১,২৪৯) = ২৬১৫/- টাকা উপরোক্ত ০৪ টি বিলে কম জমা প্রদান করা হয়েছিল মর্মে জানানো হয়েছে (প:পূ:-৩৪৬)।

০২। এক্ষেপে, উত্থাপিত আপত্তির পরিশিষ্ট এবং LAD কর্তৃক দাখিলকৃত চালান পুনরায় যাচাই করে ২১ টি চালানে ৭৮,৭৩০/- টাকা জমা পাওয়া যায়। আপত্তিতে বর্ণিত জড়িত টাকার পরিমাণ ৯৩,৮৬৪/- টাকা অর্থাৎ (৯৩,৮৬৪ - ৭৮,৭৩০) = ১৫,২৭৪/- টাকা কম জমা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, LAD উল্লিখিত ০৪ টি বিলের বিপরীতে ভ্যাট এর টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়ে থাকলে এর প্রমাণক (সিটিআরসহ) সহ ব্রডশীট জবাব অথবা উক্ত টাকা ইতোমধ্যে জমা না হয়ে থাকলে আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ ব্রডশীট জবাব ০৮.০৮.২০১৯ এর মধ্যে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
নিউ ইন্সটান গার্ডেন রোড
রমনা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৬.১৮-১২৯

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪২৬
০১ আগস্ট, ২০১৯


অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৪-০৫. অফিস কপি/ ~~মাদ্রাসা~~ কপি।


(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

